**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 03.09.2026** **Time: 1-30 PM**

**Annoucement:- আকাশবাণী/খবর পড়ছি –**

**বিশেষ বিশেষ খবর –**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে বেলজিয়ামের প্রধানমন্ত্রী বার্ট দে ওয়েভারের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন। দুই নেতার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক দিক এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হচ্ছে।

২) প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারত ও বেলজিয়ামের মধ্যে সম্পর্ক পারস্পরিক শ্রদ্ধা, গণতান্ত্রিক মূল্যবোধ এবং নীতি নির্ভর আন্তর্জাতিক ব্যবস্থার ওপর ভিত্তি করে গড়ে উঠেছে।

৩) অর্থমন্ত্রী নির্মলা সীতারমন নিউইয়র্কে এক উচ্চপর্যায়ের বাণিজ্যিক বৈঠকে বিনিয়োগকারীদের সামনে ভারতের সংস্কারভিত্তিক আর্থিক বিকাশের চিত্র তুলে ধরেছেন।

৪) বিশ্ব বাজারে ভারতীয় বস্ত্র এবং কারুশিল্পের প্রসার ঘটাতে প্যারিসে ফ্রান্সের সঙ্গে নতুন কয়েকটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

৫) কিংবদন্তী চলচ্চিত্র অভিনেতা মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তম কুমারের জন্মশতবর্ষে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

৬) ভারতের লক্ষ্য সেন ব্যাডমিন্টনের চায়না মাস্টার্স সুপার সেভেন ফিফটির পুরুষদের সিঙ্গেলসের কোয়ার্টার ফাইনালে পৌঁছেছেন।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে বেলজিয়ামের প্রধানমন্ত্রী বার্ট দে ওয়েভারের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন। দুই নেতা ভারত-বেলজিয়াম দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক দিক এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করছেন। বৈঠকের পর একাধিক চুক্তি স্বাক্ষরিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

এর আগে আজ সকালে বেলজিয়ামের প্রধানমন্ত্রী, রাজঘাটে গিয়ে মহাত্মা গান্ধীর সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন।

তিনদিনের ভারত সফরে গতরাতে নতুন দিল্লি পৌঁছন বেলজিয়ামের প্রধানমন্ত্রী। তাঁর সঙ্গে রয়েছেন সেদেশের প্রতিরক্ষামন্ত্রী থিও ফ্রাঙ্কেন। গত বছরের ফেব্রুয়ারিতে দায়িত্ব গ্রহণের পর এটাই প্রধানমন্ত্রী দে ওয়েভারের প্রথম ভারত সফর।

সফরকালে বেলজিয়ামের প্রধানমন্ত্রী, ভারত-ইউরোপীয় ইউনিয়ন মুক্ত বাণিজ্য চুক্তির আবহে কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি—সিআইআই আয়োজিত একটি বাণিজ্যিক অনুষ্ঠানে মূল বক্তব্য রাখবেন।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, এই সফরের মধ্য দিয়ে ভারত-বেলজিয়াম অংশীদারিত্ব আরও শক্তিশালী করার পাশাপাশি বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা ও নিরাপত্তা এবং পুননবীকরণযোগ্য শক্তি সহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর সুযোগ তৈরি হবে।

উল্লেখ্য, ভারত ও বেলজিয়ামের মধ্যে তিন শতাব্দীরও বেশি সময়ের ঐতিহাসিক সম্পর্ক বিদ্যমান। ১৯৪৭ সালের সেপ্টেম্বরে স্বাধীন ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপনকারী প্রথম ইউরোপীয় দেশগুলির অন্যতম ছিল বেলজিয়াম। ২০২৫-২৬ অর্থবর্ষে দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ১৩ বিলিয়ন ডলার ছাড়িয়েছে।

*************************

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারত ও বেলজিয়ামের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা, গণতান্ত্রিক মূল্যবোধ এবং নীতি নির্ভর আন্তর্জাতিক ব্যবস্থার প্রতি অভিন্ন অঙ্গীকারের ভিত্তিতে উষ্ণ ও দীর্ঘস্থায়ী সম্পর্ক গড়ে উঠেছে। নতুন দিল্লিতে বেলজিয়ামের প্রতিরক্ষামন্ত্রী থিও ফ্রাঙ্কেনের সঙ্গে প্রতিনিধিস্তরের বৈঠকে আজ শ্রী সিং বলেন, বর্তমান বিশ্ব এক গভীর ভূ-রাজনৈতিক ও অর্থনৈতিক অস্থিরতার মধ্য দিয়ে যাচ্ছে। এই পরিস্থিতিতে

উদ্ভূত বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় সম্মিলিতভাবে কাজ করার প্রয়োজন রয়েছে। বর্তমান পরিস্থিতিতে বেলজিয়ামের মতো গুরুত্বপূর্ণ অং□ীদারের সঙ্গে এ ধরণের বৈঠক, মতবিনিময় ও দৃষ্টিভঙ্গি আদানপ্রদানের সুযোগ তৈরী করবে।

( বাইট- রাজনাথ )

বেলজিয়ামের প্রতিরক্ষামন্ত্রী থিও ফ্রাঙ্কেন ভারতকে একটি ঘন জনবসতিপূর্ণ এবং উচ্চ প্রযুক্তিসম্পন্ন দে□ হিসেবে উল্লেখ করেছেন। আগামীদিনে উন্নয়নমূলক প্রকল্পগুলিতে বেলজিয়ামের সহযোগিতার প্রয়োজনীয়তার ওপর তিনি জোর দেন। দু দে□র বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যাওয়ার ওপরও তিনি গুরুত্ব আরোপ করেন।

( বাইট- থিও ফ্র্যাঙ্কেন )

**************************

অর্থমন্ত্রী নির্মলা সীতারমন নিউইয়র্কে এক উচ্চপর্যায়ের বাণিজ্যিক বৈঠকে বিনিয়োগকারীদের সামনে ভারতের সংস্কারভিত্তিক আর্থিক বিকা□র চিত্র তুলে ধরেছেন। তিনি জানান, ২০২৬-২৭ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিকে দে□র আর্থিক বিকা□ হার দাঁড়িয়েছে ৭ দ□মিক ৮ □তাং□। একইসঙ্গে দে□ বিনিয়োগের পরিবে□ আরো উন্নত হয়েছে বলে তিনি উল্লেখ করেন। ভারতের কনসাল জেনারেল এবং ব্যাংক অফ আমেরিকার যৌথ উদ্যোগে আয়োজিত ওই বৈঠকে শ্রীমতী সীতারমন বলেন, বিশ্বজুড়ে নানা বাধা ও চ্যালেঞ্জ সত্ত্বেও ভারত বিশ্বের দ্রুততম বিকা□□ীল প্রধান অর্থনীতির দে□। অর্থ মন্ত্রকের পক্ষ থেকে আজ এক্স হ্যান্ডেলের এক বার্তায় জানানো হয়, অর্থমন্ত্রী দেউলিয়া বিধি-সহ বিভিন্ন সংস্কারের কথা ঐ বৈঠকে উল্লেখ করেছেন। তাঁর মতে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকারের গৃহীত নানা সংস্কারমূলক পদক্ষেপের ফলে অর্থনৈতিক ক্ষেত্রে নিশ্চিয়তা এসেছে, ব্যবসায়িক নিয়ম নীতি আরো সহজ হয়েছে এবং কাগজপত্রের ব্যবহার কমেছে। শ্রীমতী সীতারমন বলেন, সরকার মূলধনী সম্পদ তৈরির পা□াপা□ি পরিকাঠামো বিকা□র মাধ্যমে □িল্পক্ষেত্রকে সহায়তা করছে। বি□ষ করে বিমান পরিবহণ ক্ষেত্রে পরিকাঠামো উন্নয়নের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। একইসঙ্গে বিনিয়োগের অনুকূল পরিবে□ গড়ে তোলার উদ্যোগও নেওয়া হয়েছে।

**************************

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত বিনয় কোয়াত্রা জানিয়েছেন, ভারতে অর্থনৈতিক বিকা□র ধারা অব্যাহত রয়েছে। ২০২৬-২৭ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিক, অর্থাৎ এপ্রিল থেকে জুনে দে□র মোট অভ্যন্তরীণ উৎপাদন বেড়ে হয়েছে ৭ দ□মিক ৮ □তাং□। নিউইয়র্কে ন্যাসডাকের উদ্বোধনের পর তিনি বলেন, এর ফলে ভারত বিশ্বের দ্রুততম বিকা□□ীল বৃহৎ অর্থনীতির দে□ হিসেবে তার অবস্থান ধরে রেখেছে। ভারতের সাম্প্রতিক জিডিপি বৃদ্ধির হার দে□র □ক্তি□ালী অর্থনৈতিক অগ্রগতিরই প্রতিফলন। ভারত সরকার ও দে□বাসীর পক্ষ থেকে এবং কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের প্রতিনিধি হিসেবে বিনয় কোয়াত্রা ন্যাসডাকের উদ্বোধনী ঘন্টা বাজান।

**************************

ভারত ও ফ্রান্স, বস্ত্র ও ফ্যা□ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করেছে। বিশ্ব বাজারে ভারতীয় বস্ত্র এবং কারু□িল্পের প্রসার ঘটাতে প্যারিসে নতুন কয়েকটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বস্ত্র মন্ত্রকের সচিব নীলম □ামি রাওয়ের উপস্থিতিতে ভারত টেক্স ট্রেড ফেডারে□ন—বিটিটিএফ এবং প্রিমিয়ার ভি□ন সোসিয়েতে আনোনিমের মধ্যে এই মৌ স্বাক্ষর হয়। সামাজিক মাধ্যমে এক বার্তায় বস্ত্র মন্ত্রক জানিয়েছে, এর ফলে প্রদ□নী আয়োজন, বাজার বিস্তার, কাঁচামাল সংগ্রহ এবং জ্ঞান বিনিময়ের ক্ষেত্রে দুই দে□র সহযোগিতা আরও জোরদার হবে। আন্তর্জাতিক বাজারে ভারতীয় বস্ত্র ও ঐতিহ্যবাহী কারু□িল্পের পরিচিতি আরো বাড়িয়ে তোলার ক্ষেত্রে এই চুক্তি নতুন সুযোগ তৈরি করবে বলে মনে করা হচ্ছে।

**************************

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নিতিন গডকরি বলেছেন, উদ্ভাবন, গুণমান এবং প্রতিযোগিতামূলক বাজারের ভিত্তিতে ভারত বিশ্বের এক নম্বর অটোমোবাইল □িল্প হওয়ার সম্ভাবনা রাখে। নতুন দিল্লিতে ‘সোসাইটি অফ ইন্ডিয়ান অটোমোবাইল ম্যানুফ্যাকচারার্স’ -সিয়াম এর ৬৬তম বার্ষিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে শ্রী গড়করি বলেন, ২০২৫-২৬ সালে ভারতের অটোমোবাইল রপ্তানি ২৪ □তাং□ বৃদ্ধি অটোমোবাইল □িল্পের বর্তমান বাজারমূল্য ২২.৭৫ লক্ষ কোটি টাকারও বে□ি, যা দে□র জিএসটি সংগ্রহের প্রায় ১৫ □তাং□ এবং এর ফলে প্রায় চার কোটি প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

***************************

গ্রামাঞ্চলের উন্নয়ন ও গ্রামীণ সম্পদ সৃষ্টি এবং কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে পঞ্চায়েত দপ্তর কি পরিকল্পনা নিচ্ছে তা নিয়ে আকা□বাণীকে বিস্তারিত জানিয়েছেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ। সাক্ষাৎকার নিয়েছেন আকা□বাণী প্রতিনিধির সন্দীপন দা□গুপ্ত। সহযোগিতায় অভিরূপ ভট্টাচার্য ও কা□ফিন নাহার। □ব্দ সম্পাদনায় সাধনা দাস বসু । আকা□বাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি □ানা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গ, আকা□বাণী সংবাদ সো□্যাল মিডিয়া প্লাটফর্মে।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কিংবদন্তি অভিনেতা উত্তম কুমারের জন্ম□তবর্ষে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, মহানায়ক উত্তম কুমার ছিলেন এক কিংবদন্তি □িল্পী। তাঁর কালজয়ী অভিনয় আজও প্রজন্মের পর প্রজন্মের দ□র্কের সঙ্গে সংযোগ স্থাপন করে চলেছে। প্রধানমন্ত্রী তাঁর ‘মন কি বাত’ অনুষ্ঠানের সর্ব□ষ পর্বে উত্তম কুমারকে নিয়ে করা বক্তব্যের একটি অং□ও সামাজিক মাধ্যমে □য়ার করেছেন। অনুষ্ঠানটির এই পর্ব গত রবিবার আকা□বাণীতে সম্প্রচারিত হয়।

(বাইট- মোদী-উত্তম কুমার)

***************************

কিংবদন্তী চলচ্চিত্র অভিনেতা মহানায়ক উত্তমকুমারের জন্ম□তবর্ষে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। এই উপলক্ষে রাজ্য সরকার আজ থেকে ৬ তারিখ পর্যন্ত কলকাতা জুড়ে “□তবর্ষে মহানায়ক" □ীর্ষক একগুচ্ছ কর্মসূচীর আয়োজন করেছে। থাকছে চলচ্চিত্র চর্চা, প্রদ□নী ও সঙ্গীতায়োজন। এই উপলক্ষে টালিগঞ্জে আজ সকালে তাঁর মূর্তিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পরে সেখানেই তিনি ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রীর মন কি বাতে উত্তম কুমারের জন্ম □তবার্ষিকী উল্লেখ করা প্রসঙ্গে বলেন, এটা শুধু বাংলার নয় সারা দে□র কাছে গর্বের বিষয়।

এর আগে আহিরীটোলায় উত্তম কুমারের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান তথ্য সংস্কৃতি প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী। সেখানেও মহানায়কের বাড়ির লোকেরা এবং সিনেমা □িল্পের সঙ্গে যুক্ত কলাকু□লী উপস্থিত ছিলেন। শ্রদ্ধা জ্ঞাপনের শুরু কলকাতাতে হলেও বছর জুড়ে তা ছড়িয়ে দেওয়া হবে জেলা স্তরে।

***************************

কেন্দ্রীয় সরকার ন্যা□নাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথিকে সেন্টার অফ এক্সিলেন্স হিসেবে গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে। কলকাতায় আজ প্রতিষ্ঠানের সুবর্ণ জয়ন্তী পালন উপলক্ষে এক অনুষ্ঠানে আয়ুষ প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব বলেন,এই প্রতিষ্ঠান দে□র মধ্যে অন্যতম সেরা হোমিওপ্যাথি ইনস্টিটিউট। এই প্রতিষ্ঠানকে আরো সেরা হিসেবে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হচ্ছে। মন্ত্রী আরও জানান,নতুন হাসপাতাল ভবনের নির্মাণ ফার্মাসিটিক্যাল অ্যানিলিসিস গবেষণা কেন্দ্র গড়ে তোলার জন্য ছাত্র ছাত্রীদের আর্জি যুক্তিসঙ্গত এবং সরকার সে বিষয়ে উদ্যোগ নেবে। পোস্ট গ্রাজুয়েট ছাত্রছাত্রী এবং ইন্টার্নদের স্টাইপেন্ড বৃদ্ধির বিষয়টিও বিবেচনা করা হবে। কেন্দ্রীয় □িক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী সুমনা সরকার প্রমূখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

***************************

নেপালে হড়পা বানে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে এক হাজার ২৫০। উদ্ধারকারীরা বৃষ্টি উপেক্ষা করেই ভোতেকো□ি নদীর গতিপথের সুড়ঙ্গ এবং ভূগর্ভস্থ বিদ্যুৎকেন্দ্রে আটকে পড়া ব্যক্তিদের সন্ধানে তল্লা□ি চালাচ্ছে। এদিকে গত সপ্তাহের বন্যায় নিখোঁজদের পরিবার তাদের প্রতীকী □ষকৃত্য সম্পন্ন করেছে।

উল্লেখ্য, নিখোঁজদের মধ্যে ৫৮৩ জন বিদে□ি নাগরিক রয়েছেন ।

***************************

বিহারে পাটনা-সহ গঙ্গা তীরবর্তী বে□ কয়েকটি জেলায় জলস্তর ক্রমাগত বাড়ছে। এর ফলে নতুন নতুন এলাকায় বন্যার আ□ঙ্কা দেখা দিয়েছে।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, গঙ্গার জলস্তর বৃদ্ধির প্রেক্ষিতে রাজ্যের বিপর্যয় মোকাবিলা দপ্তর সতর্কতা জারি করেছে। দপ্তর সূত্রে জানানো হয়েছে, আজ রাতে পাটনার গান্ধী ঘাটে এবং আগামীকাল দুপুরে মোকামার হাতিদহে গঙ্গার জলস্তর সর্বোচ্চ মাত্রা অতিক্রম করতে পারে।

ভোজপুর, পাটনা, সারন, বৈশালী, নালন্দা, বেগুসরাই, লখিসরাই এবং জেহানাবাদের নদী তীরবর্তী ও নিচু এলাকার বাসিন্দাদের সতর্ক থাকতে বলা হয়েছে। নদী, ঘাট এবং জলমগ্ন এলাকা থেকে দূরে থাকার পাশাপাশি কোনওরকম ঝুঁকি না নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। স্থানীয় প্রশাসনের নির্দেশ মেনে চলতেও বাসিন্দাদের অনুরোধ করা হয়েছে।

***************************

এনফোর্সমেন্ট ডিরেক্টরেট বা ইডি মাদক মুক্ত ভারত অভিযানের আওতায় দক্ষিণ ভারতের বিভিন্ন স্থানে একযোগে তল্লাশি অভিযান চালিয়েছে। ইডি জানিয়েছে কেরালা, কর্ণাটক, তামিলনাড়ু এবং তেলেঙ্গানার ৩০টি স্থানে এই তল্লাশি অভিযান চলছে। 'প্রিভেনশন অফ মানি লন্ডারিং অ্যাক্ট, ২০০২'-এর অধীনে তদন্তাধীন ৮টি পৃথক মামলার প্রেক্ষিতে এই তল্লাশি অভিযান চলছে।ইডি এ বিষয়ে পরবর্তী তদন্ত প্রক্রিয়া অব্যাহত রাখবে বলে জানিয়েছে।

***************************

কোহিনূর পাওয়ার প্রাইভেট লিমিটেড'-এর সঙ্গে জড়িত ২৯০ কোটি টাকার ব্যাংক জালিয়াতির ঘটনায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) পশ্চিমবঙ্গের কলকাতায় ১১টি স্থানে তল্লাশি অভিযান চালাচ্ছে। ইডি আধিকারিকদের মতে, ঝাড়খণ্ডে ৬৬ মেগাওয়াটের একটি বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য কোম্পানিটি ব্যাংক থেকে ঋণ নিয়েছিল, কিন্তু সেই অর্থ ওই গোষ্ঠীরই অন্যান্য সংস্থায় সরিয়ে নেওয়া হয় এবং ব্যক্তিগত কাজে ব্যবহার করা হয়েছে বলে অভিযোগ করা হয়।

**********************************************************************